

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৭৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. তৃতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

وَعَنِ الْمُخْتَارِ بْنِ فُلْفُلٍ قَالَ: سَأَلْتُ أَنَسَ بْنَ مَالِكٍ عَنِ التَّطَوُّعِ بَعْدَ الْعَصْرِ فَقَالَ: كَانَ عُمَرُ يَضْرِبُ الْأَيْدِيَ عَلَى صَلَاةٍ بَعْدَ الْعَصْرِ وَكُنَّا نُصْلِي عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَيْنِ بَعْدَ غُرُوبِ الشَّمْس قبل صَلَاةِ الْمَغْرِبِ فَقُلْتُ لَهُ: أَكَانَ رَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَيْنِ بَعْدَ غُرُوبِ الشَّمْس قبل صَلَاةِ الْمَغْرِبِ فَقُلْتُ لَهُ: أَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّيهِمَا ؟ قَالَ: كَانَ يَرَانَا نُصَلِّيهِمَا فَلَمْ يَأْمُرْنَا وَلَمْ يَنْهَنَا. رَوَاهُ مُسلم

বাংলা

১১৭৯-[২১] মুখতার ইবনু ফুলফুল (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন। আমি আনাস ইবনু মালিক (রাঃ)-কে প্রশ্ন করেছিলাম, 'আসরের পর নফল সালাতের ব্যাপারে। তিনি (উত্তরে) বললেন। 'উমার (রাঃ) 'আসরের পর নফল সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীদের হাতের উপর প্রহার করতেন। আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে সূর্য ডুবে যাওয়ার পর মাগরিবের সালাতের (ফরযের) পূর্বে দু' রাক্'আত সালাত আদায় করতাম। (এ কথা শুনে) আমি আনাস (রাঃ) কে প্রশ্ন করলাম। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও কি এ দু' রাক্'আত সালাত আদায় করতেন? তিনি বললেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে আদায় করতে দেখতেন। কিন্তু আদায় করতে বলতেন না। আবার বাধাও দিতেন না। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৮৩৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যারা 'আসরের সালাতের জন্য ইহরাম বাঁধতেন 'উমার (রাঃ) তাদের হাতে প্রহার করতেন। অর্থাৎ 'উমার (রাঃ) 'আসরের ফর্য সালাত আদায় করার পর নফল সালাত আদায় করতে বাধা প্রদান করতেন। এ রকম



আরো অনেক হাদীস রয়েছে যাতে 'উমার (রাঃ) কর্তৃক 'আসরের পর সালাত আদায়কারীদের প্রহার করার কথা সাব্যস্ত আছে। আর হাদীসগুলো প্রমাণ করে যে, 'আসরের পর নফল সালাত আদায় করা বৈধ নয়।

(کَانَ یَرَانَا نُصِلِیهِمَا فَلَمْ یَافُهُنَا وَلَمْ یَنْهَنَا) তিনি আমাদেরকে (মাগরিবের আযানের পর) এ দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে দেখতেন কিন্তু তিনি আমাদের তা আদায় করার আদেশ দিতেন না অর্থাৎ যিনি তা আদায় না করতেন তাকে তা আদায় করার আদেশ দিতেন না। আর তিনি আমাদেরকে নিষেধও করতেন না। অর্থাৎ যিনি তা আদায় করতেন তাকে তা আদায় করা থেকে বিরত থাকতে বলতেন না। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ নিষেধ না করা প্রমাণ করে যে, মাগরিবের আযানের পর দু' রাক্'আত সালাত আদায় করা মাকরহ নয়। বরং রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ দু' রাক্'আত সালাত আদায় করা সম্পর্কিত হাদীস প্রথম পরিচ্ছেদে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন